সমকাল

তারিখ 12 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ৮

জঙ্গি তৎপরতা

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বসছে সরকার

■ সমকাল প্রতিবেদক

সাম্প্রতিক জঙ্গি হামলায় বেসরকারি বিশ্ববিদ্যালয় ও ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জড়িত থাকার তথ্যে সরকার উদ্বিগ্ন। এ জন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোর কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী ১৭ জুলাই দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে করবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এতে রাজধানীর নামকরা কয়েকটি ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকেও ডাকা হবে।

গতকাল স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কার্যালয়ে গিয়ে সভার বিষয়টি জানিয়েছেন। এ সময় ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ছিলেন।

১৭ জুলাই সকাল সাড়ে ১০টায় রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এ বৈঠক অনুষ্ঠিত হবে। স্বরাষ্ট্রমন্ত্রীর সভাপতিত্বে এ বৈঠকে শিক্ষামন্ত্রী, পুলিশ মহাপরিদর্শকসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষ কর্মকর্তারা উপস্থিত থাকবেন। সভায় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, উপাচার্য, ছাত্র, শিক্ষক ও অভিভাবক প্রতিনিধিদের উপস্থিত থাকতে বলা হবে।

দেশে ৮০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে।